



সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড

সাস্টেনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, এসআইবিএল কর্পোরেট হেড অফিস
সিটি সেন্টর, ৯০/১ মতিঝিল বা/এ, ঢাকা (লেভেল ২২)

কম্বল ক্রয়ের জন্য দরপত্র আহ্বান

এসআইবিএল দেশের অন্যতম শীর্ষস্থানীয় শরীয়াহভিত্তিক বানিজ্যিক ব্যাংক। আসন্ন শীত মৌসুমে শীতবস্ত্র বিতরণের লক্ষ্যে দেশের প্রতিষ্ঠিত কম্বল প্রস্তুতকারী ও সরবরাহকারীগণের নিকট থেকে নিম্নোক্ত বর্ণনানুযায়ী দরপত্র বা কোটেশান আহ্বান করা হচ্ছে।

ক্রম নং	বিষয়	বিবরণ	পরিমাণ
০১.	কম্বল (শীতবস্ত্র) সরবরাহ	<ul style="list-style-type: none">● সিঙ্গেল পাট/ডাবল পাট উলেন ফ্যাব্রিক● কম্বলের চারিদিক কালো বাটন● SIBL লোগো (কম্বলের ২ দিকে)● সাইজ : ৫ ফুট X ৭ ফুট● ওজন : ১৩০০ গ্রাম● কালার : নীল, লাল, কমলা, সবুজ ও বেগুনি	৫০,০০০ পিছ

দরপত্রে অংশগ্রহণের যোগ্যতা:

দরপত্রে অংশগ্রহণে আগ্রহী প্রস্তুতকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠানের যে সব যোগ্যতা থাকা অত্যাাবশ্যিক :

- কম্বল প্রস্তুতকারী ও সরবরাহের (ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে কম্বল সরবরাহের) পর্যাপ্ত পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে,
- সরবরাহকারীকে অবশ্যই প্রস্তুতকারী হতে হবে। নিজস্ব কারখানায় কম্বল প্রস্তুত করে সরবরাহ করতে হবে,
- দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, হালনাগাদ ভ্যাট/টিআইএন সার্টিফিকেট, ব্যাংক স্বচ্ছলতার সনদ, কারখানার প্রয়োজনীয় সনদ ও সম্পর্কিত দলিলাদি জমা দিতে হবে,
- যথাসময়ে কার্য সম্পাদনের জন্য পর্যাপ্ত লোকবল এবং বিতরণের সক্ষমতা থাকতে হবে,
- কার্যাদেশ পাবার ৭ দিনের মধ্যে কম্বল সরবরাহ করতে হবে

দরপত্রে অংশগ্রহণের প্রক্রিয়া:

আগ্রহী কম্বল প্রস্তুতকারী ও সরবরাহকারীগণকে ২৬ নভেম্বর ২০১৭ হতে ২৮ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে এসআইবিএল কর্পোরেট অফিস, ৯০/১ মতিঝিল বা/এ, ঢাকা-এ সাস্টেনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট (লেভেল ২২)-এ রক্ষিত টেন্ডার বাক্সে নিজস্ব প্যাডে দরপত্র বা কোটেশান জমা প্রদানের অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, কোন দরপত্র বা কোটেশান গ্রহণ ও বাতিল করার সিদ্ধান্ত সম্পূর্ণভাবে সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।